# নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-২
# বনপাড়া, নাটোর।

কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্রের দলিল (জাতীয়)

## For Procurement of Service

(Request for Quotation Method)

NATORE PALLI BIDYUT SAMITY-2

ISO 9001:2015 Certified

নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-২

বনপাড়া, নাটোর।

নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর "সকল প্রকার ঝুঁকি (Comprehensive) গ্রহন পূর্বক "পিক-আপ গাড়ী ও মোট সাইকেলের বীমা নবায়ন " করনের জন্য কোটেশন (RFQ) প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্র।

টেলি: ০৭৭২৩-৫৬০৯৩ ,০৭৭২৩-৫৬০১২
ফ্যাক্স: ০৭৭২৩-৫৬২০৪
ই-মেইল : natorepbs2hq@yahoo.com
web address: www. pbs2.natore.gov.bd

নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-২
বনপাড়া, নাটোর।।

স্মারক নং-২৭.১২.৬৯১৫.৫১৩.০১.০৩৮.২০২৩. ১৬২১

তারিখঃ ০৬ চৈত্র, ১৪২৯ বাং
২০ মার্চ, ২০২৩ খ্রিঃ

কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে **"সকল প্রকার ঝুঁকি (Comprehensive) গ্রহন পূর্বক পিক-আপ গাড়ী ও মোটর সাইকেল বীমা নবায়ন"** করনের দরপত্র (RFQ) বিজ্ঞপ্তি প্রসঙ্গে।
কোটেশন নম্বর: (২৭/২০২২-২০২৩), তাং ২০/০৩/২০২৩ ইং

প্রতি

..........................................................................................................................

নিম্নের শর্তাবলী ভালভাবে পড়ে বুঝে দরপত্র দাখিলের জন্য অনুরোধ করা হলোঃ

০১. জেনারেল ম্যানেজার, নাটোর পবিস-২ এর অনুকূলে সরকারি তহবিল বরাদ্দ করা হয়েছে এবং তিনি এর একটি অংশ যোগ্য পরিশোধের ক্ষেত্রে প্রয়োগ করতে ইচ্ছুক, যার জন্য এ কোটেশন দলিল জারি করা হয়েছে।

০২. ইচ্ছুক সকল কোটেশনদাতা কর্তৃক পরিদর্শনের জন্য অভিপ্রেত পণ্য এবং সংশ্লিষ্ট সেবার বিস্তারিত বিনির্দেশ, ডিজাইন এবং নকশা দপ্তর চলাকালীন সময়ে সকল কার্যদিবসে ক্রয়কারীর দপ্তরে প্রাপ্তিসাধ্য হবে।

০৩. Bangladesh Motor Tariff Rules অনুযায়ী Private Use বিবেচনায় দর দাখিল করতে হবে। Private Use বিবেচনায় প্রিমিয়াম এর ক্ষেত্রে Basic, FIV, Act Liability Primium, NCB (প্রযোজ্য ক্ষেত্রে) ইত্যাদি সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে। বীমার মেয়াদ হবে ০১ বছর।

০৪. বর্নিত পিক আপ গাড়ী ও মোটর সাইকেলের ইন্স্যুরেন্স করার ক্ষেত্রে **সকল প্রকার ঝুঁকি (Comprehensive)** গ্রহন করতে হবে। সেক্ষেত্রে নিম্নোক্ত বিষয়গুলি অবশ্যই অন্তর্ভূক্ত থাকতে হবে।
ক) যে কোন ধরনের চুরি।
খ) যে কোন ধরনের দূর্ঘটনায় সংঘটিত ক্ষতি।
গ) যে কোন ধরনের সন্ত্রাসী কার্যকলাপের ফলে সংঘটিত ক্ষতি।
ঘ) ভূমিকম্পের ফলে সংঘটিত ক্ষতি।
ঙ) বন্যা, সাইক্লোনসহ যে কোন ধরনের প্রাকৃতিক দূর্যোগের ফলে সংঘটিত ক্ষতি।
চ) যে কোন ধরনের অগ্নিকান্ডের ফলে সংঘটিত ক্ষতি।
ছ) ড্রাইভার, যাত্রী, পথচারী, দোকানপাট ইত্যাদির ক্ষতি সাধন অর্থ্যাৎ ৩য় পক্ষীয় সকল প্রকার ক্ষতি।

০৫. Bangladesh Motor Tariff Rules ব্যতীত দর দাখিল করা হলে কোটেশন বাতিল বলে গণ্য হবে। দাখিলকৃত কোটেশনের স্বপক্ষে Bangladesh Motor Tariff Rules অনুযায়ী উপযুক্ত প্রমাণক সংযুক্ত করতে হবে।

০৬. "কোটেশন দলিল" ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে।

০৭. কোটেশন যথাযথভাবে প্রস্তুতপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ১০ অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আহবানকারীর দপ্তরে (১০ অনুচ্ছেদে বর্ণিত) দাখিল করতে হবে।

০৮. কোটেশন দাখিল এবং বীমা নবায়নে কোনো জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।

০৯. দরপত্রের খামের উপরে **"সকল প্রকার ঝুঁকি (Comprehensive) গ্রহন পূর্বক গাড়ী ও মোটর সাইকেলের বীমা নবায়ন"** করনের জন্য কোটেশন এবং ২৮/০৩/২০২৩খ্রি. তারিখ বেলা ১১:০৫ ঘটিকার আগে খোলা যাবে না" লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে এবং প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে খামে স্বাক্ষর সীলমোহর প্রদান পূর্বক সীলগালা করে উপরের ছক অনুযায়ী দর দাখিল করতে হবে।

১০. সিলমোহরকৃত খামে আগামী ২৮/০৩/২০২৩খ্রি. তারিখ বেলা ১১:০০ ঘটিকা এ বা এর পূর্বে কোটেশন (১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃপঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ অথবা (২) নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, বনপাড়া, নাটোর এ রক্ষিত টেন্ডার বাক্সে ফেলতে হবে এবং ঐ দিন দুপুর ১১:০৫ ঘটিকার সময় উপস্থিত কোটেশন দাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকে) দাখিলকৃত কোটেশনসমূহ খোলা হবে। নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।

১১. পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭১(৪) অনুসারে ক্রয়কারী কোটেশন আহবানের তারিখ হতে দাখিলের জন্য প্রদত্ত সময় অনধিক ১০ (দশ) দিন এর নির্ধারিত সময়সীমা যথাসম্ভব কম বা যুক্তিসংগত করতে পারবেন।

১২. কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যুনতম ৬০ (ষাট) দিন পর্যন্ত সকল কোটেশন বৈধ থাকবে।

১৩. দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্নের তারিখে প্রাপ্ত কোটেশন নির্ধারিত সময়ের পূর্বে প্রকাশ্যে উন্মুক্ত করা হবে না।

১৪. যদি চুক্তি সম্পাদন করা হয়, কোটেশনদাতার উদ্বৃত দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সব ধরনের কর, শুল্ক ও আবগারী, ফী, লেভি এবং আইনের অধীনে পরিশোধযোগ্য অন্যান্য চার্জ অন্তর্ভূক্ত থাকবে।

১৫. দর টাকায় উদ্বৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মূল্য পরিশোধও টাকায় করা হবে। কোটেশনদাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।

১৬. কোটেশান দাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশনদাতার যোগ্যতার প্রমাণস্বরূপ বৈধ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিষ্ট্রেশন, টিআইএন নম্বর ও কোন তফসিলি ব্যাংক থেকে আর্থিক স্বচ্ছলতার সনদ এবং বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রনকারী কর্তৃপক্ষ অথবা বাংলাদেশ বীমা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত লাইসেন্সের কপি দাখিল করতে হবে। এগুলো ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হতে পারে।

১৭. মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ৩ (তিন) টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।

১৮. উদ্বৃত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গাতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গাতির ক্ষেত্রে কথায় উদ্বৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণিত গানিতিক সংশোধন গ্রহণে কোটেশনদাতা বাধ্য থাকবে।

১৯. বীমার ধরন হবে **কম্প্রিহেনসিভ (সকল প্রকার ঝুঁকি বীমা)**। কোন প্রকার ঝুঁকি বাদ দিয়ে দর দাখিল করা যাবে না।

২০. ক্রয় আদেশ জারীর তারিখ থেকে ০৭ (সাত) দিনের মধ্যে সংশ্লিষ্ট সেবা সরবরাহ সম্পন্ন করতে হবে।

২১. ক্রয় আদেশ যা সরবরাহকারী এবং ক্রয়কারীর মধ্যে অবশ্য পালনীয় চুক্তিতে বাধ্য করে তা অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে জারী করতে হবে।

২২. ক্রয়কারী সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষন করে।

কোটেশন আহবানকারী কর্মকর্তার স্বাক্ষর

( মোঃ মোমীনুল ইসলাম)
জেনারেল ম্যানেজার
তারিখ: ২০/০৩/২০২৩ ইং।
নাটোর পবিস-২
বনপাড়া, নাটোর।
ই-মেইল: natorepbs2hq@yahoo.com

অনুলিপিঃ সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ।

০১) পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০২) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাপবিবো, রাজশাহী জোন, রাজশাহী।
০৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা- বিজ্ঞপ্তিটি বাপবিবোর্ডের ওয়েবসাইটে প্রকাশের সদয় অনুরোধসহ।
০৪) জেলা প্রশাসক, নাটোর।
০৫) পুলিশ সুপার, নাটোর।
০৬) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার----------পবিস-১/২/৩/৪।
০৭) মেয়র, পৌরসভা কার্যালয়, নাটোর।
০৮) নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, নাটোর।
০৯) নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/ সড়ক ও জনপদ, নাটোর।
১০) উপজেলা নির্বাহী অফিসার, নাটোর।
১১) ডিজিএম, কারিগরী/চারঘাট/গুরুদাসপুর/লালপুর/বাঘা জোনাল অফিস, নাটোর পবিস-২।
১২) এজিএম (ওএন্ডএম), লক্ষীকোল/দয়ারামপুর, সাব-জোনাল অফিস, নাটোর পবিস-২।
১৩) এজিএম (অর্থ), নাটোর পবিস-২।
১৪) এজিএম (আইটি), নাটোর পবিস-২-বিজ্ঞপ্তিটি নাটোর পবিস-২ এর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
১৫) মেসার্স--------------------------------------।
১৬) নোটিশ বোর্ড, নাটোর পবিস-২।
১৭) অফিস কপি/ মাস্টার কপি।

কোটেশন দাখিল পত্র
[প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন]

কোটেশন নম্বর: (২৭/২০২২-২০২৩), তারিখ: ২০/০৩/২০২৩খ্রিঃ

নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-২ স্থাপিত- বনপাড়া

প্রতি
জেনারেল ম্যানেজার, নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-২

আমি/ আমরা, নিম্নস্বাক্ষরকারী, পন্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের শর্তাবলী অনুসারে "......................................................................" করার জন্য প্রস্তাব করছি।

আমার/ আমাদের কোটেশনের মোট মূল্য টাকা.............................................................

আমার/ আমাদের কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্রে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বৈধ থাকবে এবং আমি/ আমরা এটা মানতে বাধ্য থাকব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যে কোনো সময় ইহা গ্রহন করা যেতে পারে।

আমি/ আমরা ঘোষণা করছি যে, আমার/ আমাদের আপনার সঙ্গে চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রয়েছে এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডে সম্পৃক্ততার দায়ে অযোগ্য ঘোষিত হইনি। এছাড়াও, আমি/ আমরা অনুচ্ছেদ-১৯ (বি) –তে উল্লিখিত শর্তের বিষয়ে অবগত রয়েছে এবং কোটেশনে অংশগ্রহনের প্রতিযোগিতা বা সরবরাহ সম্পন্ন করার সময়ে এ ধরনের কাজে জড়িত না হওয়ার অঙ্গীকার করছি।

আমি/ আমরা এই কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের/নিজেদের নামে অথবা অন্যনামে বা ভিন্ন নামে একটার বেশি কোটেশন দাখিল করিনি। আমি/ আমরা অবগত যে আপনাদের জারিকৃত ক্রয় আদেশের মাধ্যমে চুক্তি সম্পাদিত হবে এবং তা মানতে বাধ্য থাকব।

আমি/ আমরা (...........) তারিখে আপনাদের জারিকৃত কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) দলিলপত্র পরীক্ষা করেছি এবং এ সম্পর্কে আমাদের কোনো আপত্তি নাই।

আমি/ আমরা অবগত যে, আমার/ আমাদের কাছে কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন অথবা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর
তারিখ

নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-২ স্থাপিত- বনপাড়া

## পণ্য এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফশীল

কোটেশন নম্বরঃ ( ২৭/২০২২-২০২৩), তারিখ: ২০/০৩/২০২৩ ইং

| প্যাকেজ নং | ক্রঃ নং | আইটেমের বিবরন | পরিমাপের একক | পরিমান | একক দর/মূল্য | | মোট মূল্য | পণ্য সরবরাহের গন্তব্যস্থান |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | অংকে | কথায় | অংকে /কথায় | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| Tender PackageNo-S.22-23.13.03<br>Teder Sub Package No-S.22-23.13.03. 005 | ১ | মোটর সাইকেল<br>নাটোর-হ-১১-৭৫২৯, তৈরীর সন-২০১১<br>আসনা সংখ্যা: ০২, সিসি:১২৫<br>ক্রয়মূল্য: ১,৩৫,৫০০.০০ | টি | ০১ | | | | নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-২, বনপাড়া, নাটোর। |
| | ২ | মোটর সাইকেল<br>নাটোর-হ-১১-৭৫৩০, তৈরীর সন-২০১১<br>আসনা সংখ্যা: ০২, সিসি:১২৫<br>ক্রয়মূল্য: ১,৩৫,৫০০.০০ | টি | ০১ | | | | |
| | ৩ | মোটর সাইকেল<br>নাটোর-হ-১১-৭৫৩১, তৈরীর সন-২০১১<br>আসনা সংখ্যা: ০২, সিসি:১২৫<br>ক্রয়মূল্য: ১,৩৫,৫০০.০০ | টি | ০১ | | | | |
| | ৪ | মোটর সাইকেল<br>নাটোর-হ-১১-৭৫৩২, তৈরীর সন-২০১১<br>আসনা সংখ্যা: ০২,সিসি:১২৫<br>ক্রয়মূল্য: ১,৩৫,৫০০.০০ | টি | ০১ | | | | |
| | ৫ | মোটর সাইকেল<br>নাটোর-হ-১১-৭৫৩৩, তৈরীর সন-২০১১<br>আসনা সংখ্যা: ০২, সিসি:১২৫<br>ক্রয়মূল্য: ১,৩৫,৫০০.০০ | টি | ০১ | | | | |
| | ৬ | মোটর সাইকেল<br>নাটোর-হ-১১-৭৫৩৪, তৈরীর সন-২০১১<br>আসনা সংখ্যা: ০২, সিসি:১২৫<br>ক্রয়মূল্য: ১,৩৫,৫০০.০০ | টি | ০১ | | | | |
| | ৭ | মোটর সাইকেল<br>নাটোর-হ-১১-৭৫৩৫, তৈরীর সন-২০১১<br>আসনা সংখ্যা: ০২, সিসি:১২৫<br>ক্রয়মূল্য: ১,৩৫,৫০০.০০ | টি | ০১ | | | | |
| | ৮ | মোটর সাইকেল<br>নাটোর-হ-১১-৭৫৩৬ তৈরীর সন-২০১১<br>আসনা সংখ্যা: ০২, সিসি:১২৫<br>ক্রয়মূল্য: ১,৩৫,৫০০.০০ | টি | ০১ | | | | |
| | ৯ | মোটর সাইকেল<br>নাটোর-হ-১১-৭৫৩৭, তৈরীর সন-২০১১<br>আসনা সংখ্যা: ০২, সিসি:১২৫<br>ক্রয়মূল্য: ১,৩৫,৫০০.০০ | টি | ০১ | | | | |
| | ১০ | মোটর সাইকেল<br>নাটোর-হ-১১-৭৫৩৮, তৈরীর সন-২০১১<br>আসনা সংখ্যা: ০২, সিসি:১২৫<br>ক্রয়মূল্য: ১,৩৫,৫০০.০০ | টি | ০১ | | | | |
| | ১১ | মোটর সাইকেল<br>নাটোর-হ-১১-৭৫৩৯, তৈরীর সন-২০১১<br>আসনা সংখ্যা: ০২, সিসি:১২৫<br>ক্রয়মূল্য: ১,৩৫,৫০০.০০ | টি | ০১ | | | | |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | ১২ | মোটর সাইকেল<br>নাটোর-হ-১১-৭৫৪০, তৈরীর সন-২০১১<br>আসনা সংখ্যা: ০২, সিসি:১২৫<br>ক্রয়মূল্য: ১,৩৫,৫০০.০০ | টি | ০১ | | | | |
| | ১৩ | মোটর সাইকেল<br>নাটোর-হ-১১-৭৬৩৭, তৈরীর সন-২০১১<br>আসনা সংখ্যা: ০২, সিসি:১২৫<br>ক্রয়মূল্য: ১,৩৫,৫০০.০০ | টি | ০১ | | | | |
| | ১৪ | মোটর সাইকেল<br>নাটোর-হ-১১-৬৮২৬, তৈরীর সন-২০১০<br>আসনা সংখ্যা: ০২, সিসি:১২৫<br>ক্রয়মূল্য: ১,২০,০০০.০০ | টি | ০১ | | | | |
| | ১৫ | মোটর সাইকেল<br>নাটোর-হ-১১-৬৮২৭, তৈরীর সন-২০১০<br>আসনা সংখ্যা: ০২, সিসি:১২৫<br>ক্রয়মূল্য: ১,২০,০০০.০০ | টি | ০১ | | | | |
| | ১৬ | মোটর সাইকেল<br>নাটোর-হ-১১-৬৮২৮, তৈরীর সন-২০১০<br>আসনা সংখ্যা: ০২, সিসি:১২৫<br>ক্রয়মূল্য: ১,২০,০০০.০০ | টি | ০১ | | | | |
| | ১৭ | মোটর সাইকেল<br>নাটোর-হ-১১-১৭৮৫, তৈরীর সন-২০১০<br>আসনা সংখ্যা: ০২, সিসি:১২৫<br>ক্রয়মূল্য: ১,২০,০০০.০০ | টি | ০১ | | | | |
| | ১৮ | সিঙ্গেল কেবিন পিক-আপ<br>নাটোর-ঠ-১১-০০২২<br>সিসি:২৩৮৯ আসন:০৩ তৈরী: ২০১২ সাল<br>ক্রয়মূল্য: ২৩,৫০,০০০.০০ | টি | ০১ | | | | |
| | ১৯ | সিঙ্গেল কেবিন পিক-আপ<br>নাটোর-ঠ-১১-০০২৩<br>সিসি:২৩৮৯ আসন:০৩ তৈরী: ২০১২ সাল<br>ক্রয়মূল্য: ২৩,৫০,০০০.০০ | টি | ০১ | | | | |
| | | | | | | কথায় | | |

| | |
|---|---|
| পণ্য প্রেরনের ঠিকানা | নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-২, বনপাড়া, নাটোর। |
| মোট মূল্য টাকায়<br>(কথায়) | [উপরোল্লিখিত তফশীলের ৮ নম্বর কলামে উল্লেখিত সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার জন্য মোট মূল্য লিখুন।] |
| প্রস্তাবিত সরবরাহ | [সপ্তাহ অথবা দিন উল্লেখ করুন] ক্রয় আদেশ জারির তারিখ থেকে |
| প্রদত্ত ওয়ারেন্টি (Warranty) | [পণ্য সরবরাহ সম্পন্নের তারিখ থেকে সপ্তাহ অথবা দিন লিখুন; প্রযোজ্য না হলে তারিখ বা দিন উল্লেখ করার প্রয়োজন নেই] |

আমি/ আমাদের দ্বারা এই মূল্যের তফশীলের তফশীল [......] টি সংশোধন যথাযথভাবে অনুস্বাক্ষর করে করা হয়েছে। আমার/ আমাদের প্রস্তাব দিন/মাস/বছর পর্যন্ত বৈধ [কোটেশনের বৈধতার তারিখ লিখুন]

তারিখ

সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর

কোটেশনদাতার নাম

টীকা:

নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ স্থাপিত বনপাড়া

০১. কলাম ১,২,৩,৪,৫ ও ৯ ক্রয়কারী পূরণ করবে এবং কলাম ৬,৭, ও ৮ কোটেশনদাতা পূরণ করবে।

০২. যদি চুক্তি সম্পাদিত হয় তবে পণ্যের দর বা মূল্য ক্রয়কারীর গ্রহণযোগ্য পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের স্থানে সর্বোতভাবে সরবরাহের পরিবহন খরচ, বীমা খরচ ইত্যাদিসহ মুনাফা, ওভারহেড খরচ, সবধরনের কর, শুল্ক, ফী লেভি ও প্রযোজ্য আইনের অধীন পরিশোধিত বা পরিশোধতব্য ব্যয় অন্তর্ভুক্ত থাকবে।

## আবশ্যিক পণ্যের কারিগরী বিনির্দেশ

| প্যাকেজ নং | আইটেম নম্বর | আইটেমের বিবরন | পূর্নাঙ্গ কারিগরী বিনির্দেশ এবং মান | উৎস দেশের নাম | তৈরী এবং মডেল |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| Tender PackageNo-S.22-23.13.03<br>Teder Sub Package No-S.22-23.13.03. 005 | ১৯টি আইটেম | মোটর সাইকেল<br>নাটোর-হ-১১-৭৫২৯, তৈরীর সন-২০১১<br>আসনা সংখ্যা: ০২, সিসি:১২৫<br>ক্রয়মূল্য: ১,৩৫,৫০০.০০ | সকল প্রকার ঝুঁকি (Comprehensive) গ্রহন পূর্বক ০২ টি পিক-আপ গাড়ী এবং ১৭টি মোটর সাইকেলের বীমা নবায়ন করন। | | |
| | | মোটর সাইকেল<br>নাটোর-হ-১১-৭৫৩০, তৈরীর সন-২০১১<br>আসনা সংখ্যা: ০২, সিসি:১২৫<br>ক্রয়মূল্য: ১,৩৫,৫০০.০০ | | | |
| | | মোটর সাইকেল<br>নাটোর-হ-১১-৭৫৩১, তৈরীর সন-২০১১<br>আসনা সংখ্যা: ০২, সিসি:১২৫<br>ক্রয়মূল্য: ১,৩৫,৫০০.০০ | | | |
| | | মোটর সাইকেল<br>নাটোর-হ-১১-৭৫৩২, তৈরীর সন-২০১১<br>আসনা সংখ্যা: ০২,সিসি:১২৫<br>ক্রয়মূল্য: ১,৩৫,৫০০.০০ | | | |
| | | মোটর সাইকেল<br>নাটোর-হ-১১-৭৫৩৩, তৈরীর সন-২০১১<br>আসনা সংখ্যা: ০২, সিসি:১২৫<br>ক্রয়মূল্য: ১,৩৫,৫০০.০০ | | | |
| | | মোটর সাইকেল<br>নাটোর-হ-১১-৭৫৩৪, তৈরীর সন-২০১১<br>আসনা সংখ্যা: ০২, সিসি:১২৫<br>ক্রয়মূল্য: ১,৩৫,৫০০.০০ | | | |
| | | মোটর সাইকেল<br>নাটোর-হ-১১-৭৫৩৫, তৈরীর সন-২০১১<br>আসনা সংখ্যা: ০২, সিসি:১২৫<br>ক্রয়মূল্য: ১,৩৫,৫০০.০০ | | | |
| | | মোটর সাইকেল<br>নাটোর-হ-১১-৭৫৩৬ তৈরীর সন-২০১১<br>আসনা সংখ্যা: ০২, সিসি:১২৫<br>ক্রয়মূল্য: ১,৩৫,৫০০.০০ | | | |
| | | মোটর সাইকেল<br>নাটোর-হ-১১-৭৫৩৭, তৈরীর সন-২০১১<br>আসনা সংখ্যা: ০২, সিসি:১২৫<br>ক্রয়মূল্য: ১,৩৫,৫০০.০০ | | | |
| | | মোটর সাইকেল<br>নাটোর-হ-১১-৭৫৩৮, তৈরীর সন-২০১১<br>আসনা সংখ্যা: ০২, সিসি:১২৫<br>ক্রয়মূল্য: ১,৩৫,৫০০.০০ | | | |
| | | মোটর সাইকেল<br>নাটোর-হ-১১-৭৫৩৯, তৈরীর সন-২০১১<br>আসনা সংখ্যা: ০২, সিসি:১২৫<br>ক্রয়মূল্য: ১,৩৫,৫০০.০০ | | | |
| | | মোটর সাইকেল<br>নাটোর-হ-১১-৭৫৪০, তৈরীর সন-২০১১<br>আসনা সংখ্যা: ০২, সিসি:১২৫ | | | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | ক্রয়মূল্য: ১,৩৫,৫০০.০০ | | | |
| | | মোটর সাইকেল<br>নাটোর-হ-১১-৭৬৩৭, তৈরীর সন-২০১১<br>আসনা সংখ্যা: ০২, সিসি:১২৫<br>ক্রয়মূল্য: ১,৩৫,৫০০.০০ | | | |
| | | মোটর সাইকেল<br>নাটোর-হ-১১-৬৮২৬, তৈরীর সন-২০১০<br>আসনা সংখ্যা: ০২, সিসি:১২৫<br>ক্রয়মূল্য: ১,২০,০০০.০০ | | | |
| | | মোটর সাইকেল<br>নাটোর-হ-১১-৬৮২৭, তৈরীর সন-২০১০<br>আসনা সংখ্যা: ০২, সিসি:১২৫<br>ক্রয়মূল্য: ১,২০,০০০.০০ | | | |
| | | মোটর সাইকেল<br>নাটোর-হ-১১-৬৮২৮, তৈরীর সন-২০১০<br>আসনা সংখ্যা: ০২, সিসি:১২৫<br>ক্রয়মূল্য: ১,২০,০০০.০০ | | | |
| | | মোটর সাইকেল<br>নাটোর-হ-১১-১৭৮৫, তৈরীর সন-২০১০<br>আসনা সংখ্যা: ০২, সিসি:১২৫<br>ক্রয়মূল্য: ১,২০,০০০.০০ | | | |
| | | সিঙ্গেল কেবিন পিক-আপ<br>নাটোর-ঠ-১১-০০২২<br>সিসি:২৩৮৯ আসন:০৩ তৈরী: ২০১২ সাল<br>ক্রয়মূল্য: ২৩,৫০,০০০.০০ | | | |
| | | সিঙ্গেল কেবিন পিক-আপ<br>নাটোর-ঠ-১১-০০২৩<br>সিসি:২৩৮৯ আসন:০৩ তৈরী: ২০১২ সাল<br>ক্রয়মূল্য: ২৩,৫০,০০০.০০ | | | |

আমি/ আমরা ঘোষনা দিচ্ছি যে, আমি/ আমরা প্রস্তাবিত পণ্য ও সংশ্লিষ্ট সেবা সম্পূর্ণভাবে উপরোল্লেখিত কারিগরী বিনির্দেশ এবং মান অনুযায়ী সরবরাহ করব।

সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর তারিখ
কোটেশনদাতার নাম

**টীকা:**

০১. কলাম ১, ২, ৩ ও ৪ ক্রয়কারী এবং কলাম ৫ ও ৬ কোটেশনদাতা পূরণ করবে।

০২. বিনির্দেশ (পূর্নাঙ্গ বিবরনী) ক্রয়কারী পূরণ করবে। ক্রয়কারীর প্রয়োজনের বস্তুনিষ্ঠ এবং প্রতিযোগিতামূলক দর প্রদানের জন্য একসেট সঠিক এবং স্পষ্ট বিনির্দেশ হলো কোটেশনের পূর্বশর্ত। প্রতিযোগিতামূলক কোটেশনের জন্য পণ্যের কারিগরী বিনির্দেশ (পূর্নাঙ্গ বিবরনী) সর্বাধিক সম্ভাব্য প্রতিযোগিতার লক্ষ্যে প্রস্তুত করতে হবে এবং একইসঙ্গে ক্রয়তব্য পণ্য এবং সংশ্লিষ্ট সেবার কারিগরী দক্ষতা, দ্রব্যাদি এবং কায-সম্পাদনের মান সুস্পষ্টভাবে বর্ননা করতে হবে। বিনির্দেশ আবশ্যিক যে, পণ্যে অন্তর্ভূক্ত সমস্ত আইটেম, দ্রব্যাদি এবং আনুষঙ্গিক উপকরণ নতুন, অব্যবহৃত এবং সবচেয়ে সম্প্রতিকতম বা চলতি মডেলের হবে। তার নকশা এবং দ্রব্যাদিতে সব সাম্প্রতিক উৎকর্ষ সন্বেবেশিত হবে।

০৩. পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহের কারিগরী বিনির্দেশ (সবিস্তার বিবরনী) ক্রয়কারীর প্রযোজনীয়তার সঙ্গে সামঞ্জসপূর্ণ হবে যা এ দলিলপত্রে সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে। কোটেশনদাতা প্রস্তাবিত পণ্যের তৈরী ও মডেল (যেমনটি প্রযোজ্য) উল্লেখ করবে এবং অবশ্যই তালিকাবদ্ধ পণ্যের যথাযথ মূল (প্রাপ্তিসাধ্য না হলে অনুলিপি) মুদ্রিত বিবরন/ প্রচারপত্র সংযুক্ত করবে।

নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-২
স্থাপিত-
বনপাড়া

# নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-২
## বনপাড়া, নাটোর।

বিষয় : **"সকল প্রকার ঝুঁকি (Comprehensive) গ্রহন পূর্বক পিক-আপ গাড়ী ও মোটর সাইকেলের বীমা নবায়ন "** করনের জন্য কার্যাদেশ।

ক্রয় আদেশ নম্বর:২৭.১২.৬৯১৫.৫১৩.০১.০৩৮.২৩................., তারিখ: ২০/০৩/২০২৩খ্রিঃ

| | |
|---|---|
| কোটেশন নম্বর: ২৭/২০২২-২৩ | তারিখ: ২০/০৩/২০২৩ ইং। |
| প্রতি:<br>............................................. | |
| সরবরাহের তারিখ:................................ | ক্রয়াদেশকৃত পণ্যের মূল্য: টাকা........................... |
| সরবরাহ: শর্তানুযায়ী | |

নিম্নে তালিকাবদ্ধ পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের জন্য ক্রয়কারী আপনার ................... তারিখের দাখিলকৃত কোটেশনের দর ১ম সর্বনিম্ন হওয়ায় এবং দরপত্র মূল্যায়ন কমিটির নিকট গ্রহনযোগ্য বিবেচিত হওয়ায় নিম্ন বর্নিত শর্ত সাপেক্ষ্যে **"সকল প্রকার ঝুঁকি (Comprehensive) গ্রহন পূর্বক " পিক-আপ গাড়ী ও মোটর সাইকেলের বীমা নবায়ন"** করনের নিমিত্তে.................................. টাকার (কথায়..........................................................) কার্যাদেশ প্রদান করা হলো। উল্লিখিত **"সকল প্রকার ঝুঁকি (Comprehensive) গ্রহন পূর্বক পিক-আপ গাড়ী ও মোটর সাইকেলের বীমা নবায়ন"** করন সংযুক্ত শর্তাবলী অনুযায়ী উপরিউক্ত তারিখের মধ্যে সরবরাহ করার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

| ক্রয়াদেশকৃত পণ্যসমূহ |
|---|
| পণ্য ও সংশ্লিষ্ট সেবার অনুমোদিত মূল্য সম্বলিত তফশীলের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।<br>আবশ্যকীয় পণ্যের অনুমোদিত কারিগরী বিনির্দেশের (সবিস্তার বিবরণী) সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।<br>শর্তাবলীর সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন। |
| ক্রেতার জন্য:<br><br>নাম এবং পদবীসহ ক্রয়কারীর স্বাক্ষর |
| তারিখ: |

সংযুক্তিসমূহ: উপরোক্ত বর্ননা মোতাবেক।

নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি স্থাপিত- ১৯... ...পাড়া

## পণ্যের সরবরাহ ও মূল্য পরিশোধের জন্য শর্তাবলী

১. চুক্তি পরিচালনা এবং ব্যবস্থাপনার জন্য এখানে বর্নিত শর্তবলী ক্রয়কারী এবং সরবরাহকারী মেনে চলতে বাধ্য থাকবে।

২. এই শর্তাবলীর প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারনত পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর বিধান প্রযোজ্য হবে।

৩. ক্রয়-আদেশ জারি হওয়ার ০৭(সাত) দিনের মধ্যে সরবরাহকারীকে এই শর্তাবলী অনুযায়ী সর্বোতভাবে সরবরাহ সমাপ্ত করতে হবে।

৪. যদি ক্রয়কারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা গ্রহন করতে বিলম্ব করেন অথবা কোন দৈব দূর্ঘটনা সংঘটিত হয় অথবা ক্রয়কারীর নিকট গ্রহণযোগ্য, যুক্তিসঙ্গত ও রেকর্ডকৃত কারনের ভিত্তিতে সরবরাহকারীর তফশীলের সময় বর্ধিত হওয়ার অধিকার রয়েছে।

৫. চুক্তির অধিন সকল সরবরাহ পরীক্ষা, পরিদর্শন, পরিমাপ, টেষ্টিং, কমিশনিং ও তদারকির উদ্দেশ্যে যে কোন সময় ক্রয়কারী বা তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট উন্মুক্ত রাখতে হবে।

৬. ক্রয়কারী কারিগরী বিনির্দেশ অনুযায়ী সরবরাহকারী কর্তৃক সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবা পরীক্ষা ও যাচাই করবে এবং কোনো ত্রুটি পাওয়া গেলে সরবরাহকরীকে জানাবে।

৭. যদি পণ্যে কোন ত্রুটি পাওয়া যায় অথবা বিনির্দেশ অনুযায়ী না হয়, ক্রয়কারী সরবরাহকারীকে কারন উল্লেখপূর্বক যথাযথ নোটিশ প্রদান করে সরবরাহ বাতিল করতে পারবে।

৮. সরবরাহকারী সকল ধরনের ট্যাক্স, শুল্ক, ফি এবং প্রযোজ্য আইনের অধিন এইরকম অন্যান্য লেভি পরিশোধের সম্পূর্ন দায়বদ্ধ থাকবে।

৯. অন্য কোথাও যাই থাকুক না কেন, মূল্য সম্বলীত তফশীল এবং বিনির্দেশ অনুযায়ী প্রতিটা পণ্যের প্রকৃত সরবরাহের পরিমানের উপর ভিত্তিতে মূল্য পরিশোধ করা হবে। সরবরাহের চালানের জমা এবং গ্রহনের পর পণ্য এবং সংশ্লিষ্ট সেবার চুক্তি মূল্যের শতভাগ পরিশোধ করা হবে।

১০. সরবরাহকারীর দর বা মূল্যে মুনাফা ওভারহেড এবং সব রকমের কর, শুল্ক, লেভি এবং প্রযোজ্য আইনের অধিনে অন্যান্য চার্জ অন্তর্ভূক্ত থাকবে।

১১. মোট চুক্তি মূল্য টাকা অংকে................................ কথায়,..................................................।

১২. সরবরাহকারী কর্তৃক দাখিলকৃত এবং ক্রয়কারী কর্তৃক গৃহীত সরবরাহ চালানের মাধ্যমে সরবরাহ সমাপ্তির তারিখ হতে সরবরাহকৃত পণ্যের সর্বনিম্ন ওয়ারেন্টি মেয়াদ (মাস উল্লেখ করুন; প্রযোজ্য না হলে 'নেই' উল্লেখ করুন)।

১৩. ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালার বিধি ৪০(৫) এর বাধ্যবাধকতা পূরণে সরবরাকারী দায়বদ্ধ থাকবে।

১৪. সরবরাহকারী পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের সময় ক্রেতাকে কোনো দাবি, তার নিজের, তার শ্রমিক বা কর্মচারী কিংবা ক্রয়কারী প্রতিষ্ঠানের কোন কর্মী অথবা কোনো তৃতীয় পক্ষের জীবন অথবা সম্পত্তির ক্ষতিপূরণ থেকে ক্রয়কারীকে ক্ষতিবহন প্রতিশ্রুতি থেকে দায়মুক্ত রাখবে।

১৫. পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের কারনে উথাপিত কোনো দাবি সরবরাহকারী নিজ খরচ এবং দায়িত্বে নিষ্পত্তি করবে।

১৬. ওয়ারেন্টি (Warranty) সময়সীমার ভিতরে সরবরাহ এবং সংস্থাপনের কারনে পণ্যের ক্ষতি হলে, সরবরাহকারী নিজ খরচে সংশোধন করবে।

১৭. কোনো অবস্থাতেই ক্রয়াদেশকৃত পণ্যের পরিধি এবং সরবরাহের পরিমানের সংশোধন ও পরিবর্তন গ্রহণযোগ্য নয়।

১৮. ক্রয়কারী প্রয়োজন হলে বিধি মোতাবেক প্রয়োজনীয় অনুমোদিত পরিবর্তনগুলি সংযোজন করে পরবর্তীকালে চুক্তির শর্তাবলীর সংশোধন করতে পারবে।

১৯. ক্রয়কারী সরবরাহকারীকে লিখিত নোটিশ প্রদান করে যে কোনো সময় সম্পূর্ন চুক্তি বা চুক্তির কোনো অংশ বাতিল করতে পারেন; যদি সরবরাহকারী:

ক) সরবরাহের তফশীলের সময় এবং বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরন) অনুযায়ী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ করতে ব্যর্থ হয়।

খ) পণ্য এবং সংশ্লিষ্ট সেবার প্রতিযোগিতা বা সরবরাহ হতে ক্রেতার বিবেচনায় কোনো দূর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কোন কর্মকান্ডে জড়িত।

গ) চুক্তির অধীনে অন্য কোন বাধ্যবাধকতা পূরণে ব্যর্থ হলে।

২০. এই চুক্তি হতে উদ্ভুত বা চুক্তি সম্পর্কিত অথবা এর ব্যাখ্যা নিয়ে সৃষ্ট সম্ভাব্য সব ধরনের বিরোধ আপোষে মিমাংসার জন্য ক্রয়কারী এবং সরবরাহকারী তাদের সর্বোত্তম সমঝোতার মাধ্যমে নিস্পত্তির ব্যবস্থা গ্রহণ করবে।

২১. ২০০৬ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ৬৪ ধারা এবং ২০০৮ সালের পাবলিক প্রকিউমেন্ট আইনের ১২৭ বিধি মোতাবেক দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডের বিষয়ে সরবরাহকারী অবগত ও দায়ী থাকবে।

| | |
|---|---|
| ক্রেতার জন্য<br><br>নাম এবং পদবীসহ ক্রয়কারীর স্বাক্ষর | সরবরাহকারীর জন্য:<br><br>নাম এবং পদবীসহ ক্রয়কারীর স্বাক্ষর |
| তারিখ: | তারিখ: |